# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৬৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো নিয়মিত দু‘আ ও সৎ করা অব্যাহত রাখা

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يُسْتَحَبُّ لِلْمَرْءِ مِنَ الْمُوَاظَبَةِ على الدعاء والبر

---

আরবী

869 ـ أخبرنا عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ سُفْيَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عِيسَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ ثَوْبَانَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ الرَّجُلَ لَيُحْرَمُ الرِّزْقَ بالذنب الذي يُصِيبُهُ وَلَا يُرَدُّ الْقَدَرُ إِلَّا بِالدُّعَاءِ وَلَا يزيد في العمر إلا البر.
قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي هَذَا الْخَبَرِ لَمْ يُرِدْ بِهِ عُمُومَهُ وَذَاكَ أَنَّ الذَّنْبَ لَا يَحْرِمُ الرِّزْقَ الَّذِي رُزق الْعَبْدُ بَلْ يُكَدِّرُ عَلَيْهِ صَفَاءَهُ إِذَا فَكَّرَ فِي تَعْقِيبِ الْحَالَةِ فِيهِ وَدَوَامُ الْمَرْءِ عَلَى الدُّعَاءِ يُطَيِّبُ لَهُ وُرُودَ الْقَضَاءِ فَكَأَنَّهُ رَدَّهُ لِقِلَّةِ حِسِّهِ بِأَلَمِهِ وَالْبِرُّ يُطَيِّبُ الْعَيْشَ حَتَّى كَأَنَّهُ يُزاد فِي عُمْرِهِ بِطِيبِ عَيْشِهِ وَقِلَّةِ تَعَذُّرِ ذَلِكَ فِي الْأَحْوَالِ.
الراوي : ثَوْبَان المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 869 | خلاصة حكم المحدث: حسن لغيره دون أوله: ((إن الرجل ... يصيبه)) .

বাংলা

৮৬৯. সাওবান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই ব্যক্তি পাপে লিপ্ত হওয়ার কারণে রিযিক থেকে বঞ্চিত হয়। ভাগ্যকে দু‘আ ছাড়া আর কোন কিছু পরিবর্তন করতে পারে না। আর সৎ কর্ম ছাড়া আর কোন কিছু আয়ু বৃদ্ধি করতে পারে না।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য দ্বারা

ব্যাপক অর্থ উদ্দেশ্য নয়। অর্থাৎ বান্দার জন্য যে রিযিক নির্ধারণ করা হয়েছে, পাপ কর্ম মানুষকে সে রিযিক থেকে বঞ্চিত করে না। বরং তার কাছে এর স্বচ্ছতা অস্বচ্ছ হয়ে যায়, যখন সে এর পরিণাম সম্পর্কে চিন্তা-ভাবনা করে। সব সময় অব্যাহত দু'আ মানুষকে তাক্বদীরের ফায়সালা স্বাচ্ছন্দে মেনে নিতে সহায়তা করে। কাজেই জীবনে ব্যথা-বেদনা কম অনুভব করার কারণে মনে হয় যেন তার ভাগ্যকে পরিবর্তন করা হয়েছে। সৎকর্ম মানুষের জীবন-যাপনে মধুরতা এনে দেয়, আর জীবন-যাপনের এই মধুরতা এবং বিভিন্ন অবস্থায় কষ্ট কম হওয়ার কারণে মনে হয় যেন তার আয়ু বৃদ্ধি করা হয়েছে।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৪৪১-৪৪২; মুসনাদ আহমাদ: ৫/২৭৭; ইবনু মাজাহ: ৯০; তাহাবী, মুশকিলুল আসার: ৪/১৬৯; আবূ নু'আইম, আখবারু আসবাহান: ২/৬০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪১৮; হাকিম: ১/৪৯৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির প্রথমাংশ ব্যতীত বাকী অংশকে হাসান লিগাইরিহী বলেছেন। (সহীহাহ: ১৫৪।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89372

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন